উদ্যোগ
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।
ISO 9001:2015 Certified
ফোনঃ ০২৪৭৮৮৮০৫২০ E-Mail: patuakhali.pbs@gmail.com WEB: pbs.patuakhali.gov.bd

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০৯.০০৮.২৩.২২৭৬ তারিখঃ ১৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্ন বর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত এবং যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২ ইং) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

(ক) **পদের নাম : বিলিং সুপারভাইজার।**

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও অন্যান্য ভাতাদি	জেলা কোটা
০১	বিলিং সুপারভাইজার	(ক) প্রার্থীর নূন্যতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সামর্থ থাকতে হবে। (গ) বাংলা প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং প্রতি বছরে নূন্যতম ৩.৫০ থাকতে হবে। (চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ হতে হবে।	পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান করা হবে।	পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ পটুয়াখালী এবং বরগুনা জেলার (পাথরঘাটা, বামনা উপজেলা ব্যতিত) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(খ) **আবেদন করার পদ্ধতি :**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) বয়স (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঞ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বিলিং সহকারী হিসেবে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি (সকল ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার , এজিএম এইচ আর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে)। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ ও পদোন্নতির সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী **১৮/১১/২০২৩** খ্রিষ্টাব্দ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকার সময় পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।

(গ) **শর্তাবলী:**

০১। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০২। পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীর মেধা ও কর্মদক্ষতা, সকল প্রশিক্ষণে উত্তীর্ণ, সততা এবং জ্যেষ্ঠতাকে প্রাধান্য দেয়া হবে।

০৩। প্রার্থী বর্তমান পদে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

২য় পৃঃ দ্রঃ

০৪। সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ডপ্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড অথবা একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত /ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/ প্রত্যাখান করতে পারবেন না।

০৭। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২৯/১০/২৬

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ **(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)**

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা.....বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,----------সকল পবিস। (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
০৫॥ ডিজিএম, আমতলী/গলাচিপা/বরগুনা/কলাপাড়া/বাউফল জোনাল অফিস, পপবিস।
০৬॥ অফিসার ইনচার্জ, (দশমিনা/দুমকী/মির্জাগঞ্জ/রাঙ্গাবালী/বেতাগী/কুয়াকাটা) সাব-জোনাল অফিস, পপবিস।
০৭॥ এজিএম (সদস্য সেবা/অর্থ-হিসাব/রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন) পপবিস।
০৮॥ এজিএম (আইটি-১/২), পটুয়াখালী পবিস (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৯॥ নোটিশ বোর্ড, পটুয়াখালী পবিস।
১০॥ অফিস কপি/মাস্টার কপি।

২৯/১০/২৬

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)